

প্রাথমিকের বৃত্তির সংশোধিত ফল প্রকাশ

নিজস্ব বার্তা পরিবেশক

: বৃহস্পতিবার, ০২ মার্চ ২০২৩



কারিগরি ত্রুটির কারণে স্থগিত হওয়া প্রাথমিকের বৃত্তি পরীক্ষার সংশোধিত ফল প্রকাশিত হয়েছে।

বুধবার (১ মার্চ) রাতে এই ফলাফল প্রকাশিত হয়। উত্তীর্ণ শিক্ষার্থীরা অষ্টম শ্রেণি পর্যন্ত বৃত্তি পাবে।

এরআগে মঙ্গলবার দুপুরে সচিবালয়ে এক সংবাদ সম্মেলনে প্রাথমিকের বৃত্তি পরীক্ষার ফলা প্রকাশ করা হয়েছিল। এতে ৮২ হাজার ৩৮৩ জন শিক্ষার্থী বৃত্তি পেয়েছে বলে জানানো হয়। তাদের মধ্যে ট্যালেন্টপুলে ৩৩ হাজার এবং সাধারণ কোটায় ৪৯ হাজার ৩৮৩ জন বৃত্তি পায়।

সংশোধিত ফলাফলেও একই সংখ্যক শিক্ষার্থী বৃত্তি পাচ্ছে।

মঙ্গলবার ফল প্রকাশের কয়েক ঘন্টা পর প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের এক বিজ্ঞপ্তিতে রাতে ফলাফল স্থগিত করার কথা জানানো হয়। কারিগরি ত্রুটির কারণে ফল স্থগিত ঘোষণা করা হয়েছে বলে অধিদফতর থেকে বলা হয়।

পরে প্রাথমিক শিক্ষা অধিদফতরের পরিচালক (প্রশিক্ষণ বিভাগ) ড. উত্তম কুমার দাশ জানান, কোডিং সংক্রান্ত সমস্যার কারণে বৃত্তির ফলাফল স্থগিত করা হয়েছে।

কারিগরি ত্রুটি ও কোডিংয়ের সমস্যার কারণ খতিয়ে দেখতে চার সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটির আহ্বায়ক করা হয় মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (প্রশাসন) নূরজাহান বেগমকে। কমিটিকে দ্রুত সময়ের মধ্যে প্রতিবেদন দাখিলের নির্দেশ দেওয়া হয়েছে।

দ্রুত ফল নির্ভুলভাবে প্রকাশের জন্য বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের কাছ থেকে পরামর্শ নেয় টেকনিক্যাল কমিটি। কমিটির সহায়তায় বুধবার রাতে এই সংশোধিত ফল প্রকাশ করা হয়।

উল্লেখ্য, গত ৩০ ডিসেম্বর প্রাথমিকের বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। সারাদেশে বিভিন্ন কেন্দ্রে এই পরীক্ষা অনুষ্ঠিত হয়। এতে অংশ নেয় প্রায় ছয় লাখ শিক্ষার্থী।

আগে ট্যালেন্টপুল বৃত্তি প্রাপ্তদের মাসে ২০০ টাকা করে দেওয়া হলেও ২০১৫ সাল থেকে ৩০০ টাকা এবং সাধারণ গ্রেডে এ বৃত্তিপ্রাপ্তদের মাসে ১৫০ টাকার পরিবর্তে ২২৫ টাকা করে দেওয়া হচ্ছে।

তাছাড়া উভয় ধরনের বৃত্তিপ্রাপ্তদের প্রতি বছর ২২৫ টাকা করে এককালীন দেওয়া হচ্ছে।

বৃত্তি পরীক্ষার ফলাফল প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট www.dpe.gov.bd ও মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.mopme.gov.bd এবং স্থানীয়ভাবে বিভাগীয় উপ-পরিচালকের কার্যালয়, জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয় এবং উপজেলা বা থানা শিক্ষা অফিসারের কার্যালয় থেকে পাওয়া যাবে।